ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৪৯

আগরতলা, ২০ আগস্ট, ২০২৬

**তথ্য ও সংস্কৃতি দপ্তরের সাহিত্য ম্যাগাজিন**
**গোমতী-এর দ্বিতীয় সংখ্যা প্রকাশিত**

তথ্য ও সংস্কৃতি দপ্তর দ্বারা প্রকাশিত সাহিত্য সংস্কৃতি বিষয়ক ম্যাগাজিন ‘গোমতী’-র এ বছরের দ্বিতীয় সংখ্যার আনুষ্ঠানিক আবরণ উন্মোচন করা হয়। এ উপলক্ষে আজ তথ্য ও সংস্কৃতি দপ্তরের কনফারেন্স হলে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গোমতী এডিটোরিয়াল বোর্ডের কনভেনার পদ্মশ্রী ড. অরুণোদয় সাহা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, বরিষ্ঠ সাংবাদিক মানস পাল, গোমতী এডিটোরিয়াল বোর্ডের অন্যান্য সদস্য-সদস্যা সহ বিশিষ্ট কবি, লেখক, সাহিত্যিক ও দপ্তরের অন্যান্য আধিকারিকগণ।

অনুষ্ঠানে পদ্মশ্রী ড. অরুণোদয় সাহা বলেন, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক ম্যাগাজিন গোমতী-এর গুণগতমান ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। একে আরও উৎকর্ষতার স্তরে পৌঁছানোর লক্ষ্যে কবি, লেখক, সাহিত্যিক সহ সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য বলেন, প্রতিবছর দু’বার গোমতী ম্যাগাজিন প্রকাশ করা হয়। এবছর গোমতী ম্যাগাজিনের ৫১ তম বর্ষের প্রথম সংখ্যা আগরতলা বইমেলায় প্রকাশিত হয়েছে। আজ দ্বিতীয় সংখ্যা প্রকাশ করা হয়েছে। লেখালেখির ক্ষেত্রে যুব সমাজের মধ্যে আগ্রহ তৈরী করতে এবং রাজ্যের সমসাময়িক বিভিন্ন বিষয় লেখনীর মাধ্যমে তুলে ধরার উপর তথ্য অধিকর্তা গুরত্ব আরোপ করেন। এছাড়াও আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গোমতী ম্যাগাজিনকে সংরক্ষণের জন্য উদ্যোগ গ্রহণ করা হবে বলে তিনি জানান। অনুষ্ঠানে রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস-চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী গোমতী ম্যাগাজিনের বিভিন্ন সংখ্যাগুলিকে ডিজিট্যাল পদ্ধতিতে সংরক্ষণ করার উপর গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে উপস্থিত কবি, লেখক ও সাহিত্যিকগণ নিজ নিজ অভিজ্ঞতা ও মতামত তুলে ধরেন।

*****